



## হজ ও ঈদুল আজহার সম্ভাব্য তারিখ ঘোষণা সংযুক্ত আরব আমিরাতের



সংগৃহীত ছবি

চলতি বছরের পবিত্র হজ ও ঈদুল আজহা উপলক্ষে ছয় দিনের সরকারি ছুটি ঘোষণা করেছে সংযুক্ত আরব আমিরাত। সম্ভাব্য তারিখ নির্ধারণের পাশাপাশি মধ্যপ্রাচ্যের দেশটি ছুটির পুরো সূচিও জানিয়ে দিয়েছে।

সরকারি সূত্র জানায়, চাঁদ দেখা সাপেক্ষে আরবি বর্ষপঞ্জির শেষ মাস জিলহজ আগামী ১৮ মে শুরু হতে পারে। এই মাসের ১০ তারিখে পালিত হবে ঈদুল আজহা এবং তার আগের দিন আরাফাত দিবসে হাজার মূল আনুষ্ঠানিকতা সম্পন্ন হবে। সম্ভাব্য হিসাব অনুযায়ী, ২৬ মে (মঙ্গলবার) হজ অনুষ্ঠিত হতে পারে এবং ২৭ মে (বুধবার) ঈদুল আজহা উদযাপিত হবে।

সংযুক্ত আরব আমিরাতে সাধারণত সাপ্তাহিক ছুটি শনি ও রবিবার হওয়ায় এবারের ঈদ ও হজের ছুটি মিলিয়ে সরকারি ছুটি শুরু হবে ২৬ মে থেকে ৩১ মে পর্যন্ত।

এতে করে দেশটির বাসিন্দারা টানা ছয় দিনের ছুটি উপভোগ করতে পারবেন। এই সময় সরকারি অফিস, শিক্ষাপ্রতিষ্ঠানসহ বিভিন্ন দফতর ছুটির এই সময়সূচি অনুযায়ী কার্যক্রম পরিচালনা করবে।

LENS ASIA